# ALL INDIA RADIO
## RNU : KOLKATA
## Bengali Text Bulletin
**Date: 05.10.2023 Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) মেঘভাঙা বৃষ্টিতে বিপর্যয়ের জেরে সিকিম এবং উত্তরবঙ্গে এখনও পর্যন্ত ১৪ জনের মৃত্যুর খবর পাওয়া গেছে। ২২ সেনা জওয়ান সহ ১২০ জন নিখোঁজ।

রাজ্যপাল আজ উত্তরবঙ্গ যাচ্ছেন। যাবতীয় সহযোগিতার আশ্বাস দিয়েছেন মুখ্যমন্ত্রী।

২) গতিপথ বদলে নিম্নচাপ সরে আসায় রাজ্যের সব জেলায় আজও ভারী থেকে অতি ভারী বৃষ্টির পূর্বাভাস।

৩) রাজ্য সরকার এখন থেকে সরকারী সাহায্য প্রাপ্ত সব বিশ্ববিদ্যালয়ে কর্মরতদের বেতন কোষাগার থেকে সরাসরি দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে।

৪) হাওড়া ব্রীজের কাঠামোগত নিরাপত্তা খতিয়ে দেখতে খুব শীঘ্রই সেফটি অডিট শুরু হবে।

৫) আই এস এল ফুটবলে গতকাল বেঙ্গালুরু এফ সি ২-১ গোলে ইস্টবেঙ্গলকে হারিয়ে দিয়েছে।

oooooooooooooooo

মেঘ ভাঙ্গা বৃষ্টিতে বিপর্যয়ের জেরে সিকিম এবং উত্তরবঙ্গে এখনও পর্যন্ত ১৪ জনের মৃত্যুর খবর পাওয়া গিয়েছে। ২২ জন সেনা জওয়ান সহ ১২০ জন নিখোঁজ বলে সরকারি সূত্রে জানা গিয়েছে।

০০০০০০০০০০০০০০০০

উত্তর সিকিমের লাচেন উপত্যকার লোহনাক হ্রদ এলাকায় মেঘভাঙা বৃষ্টিতে জলের তোড়ে নিখোঁজ ২৩ জন সেনা কর্মীর মধ্যে একজনকে জীবিত উদ্ধার করা সম্ভব হয়েছে। বাকিদের খোঁজে তল্লাশি চালাচ্ছে সেনাবাহিনী ত্রিশক্তি কোর।

এদিকে, মেঘভাঙা বৃষ্টিতে উত্তরবঙ্গে এবং ডিভিসির ছাড়া জলে দক্ষিণবঙ্গের একাধিক জেলায় বন্যার ভ্রুকুটি প্রশাসনের উদ্বেগ বাড়িয়েছে। গতকাল নবান্নে বন্যা পরিস্থিতি পর্যালোচনায় মুখ্যসচিব হরিকৃষ্ণ দ্বিবেদী ও প্রশাসনের শীর্ষ কর্তাদের বৈঠকে টেলিফোনে যোগ দেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী। উত্তরবঙ্গের পরিস্থিতি নিয়ে গভীর উদ্বেগ প্রকাশ করেন তিনি। বিপর্যস্ত সিকিম প্রশাসনের সাহায্যের হাত বাড়িয়ে দেওয়ার কথাও বলেন।

(বাইট)

পরিস্থিতি মোকাবিলায় রাজ্য সরকারের সমস্ত কর্মীর ছুটি বাতিল করা হয়েছে। খোলা হয়েছে ২৪ ঘন্টার কন্ট্রোল রুম। এর নম্বর ০৩৩-২২১৪-৩৫২৬ এবং ১০৭০। পর্যটন দপ্তরও পৃথক কন্ট্রোল রুম চালু করেছে। পায়ে চোট নিয়ে মুখ্যমন্ত্রী গৃহবন্দী থাকলেও পরিস্থিতির ওপর সর্বক্ষণ নজর রেখেছেন।

অন্যদিকে, নিম্নচাপের প্রভাবে ভারি বৃষ্টি এবং বিভিন্ন জলাধার থেকে ছাড়া জলে দক্ষিণবঙ্গে বাঁকুড়া, হাওড়া, হুগলী, পশ্চিম মেদিনীপুর, পুরুলিয়া, দক্ষিণ ২৪ পরগণার বিস্তীর্ণ এলাকা প্লাবিত।

হুগলীর খানাকুল এক, দুই ও তারকেশ্বর এবং হাওড়ার উদয়নারায়ণপুর ও আমতা ব্লকের বহু এলাকা বানভাসি।

০০০০০০০০০০০০০০০০

এদিকে, উত্তরবঙ্গের পরিস্থিতি খতিয়ে দেখতে রাজ্যপাল সি ভি আনন্দ বোস আজ সেখানে যাচ্ছেন। গতকাল তিনি কোচি থেকে দিল্লি পৌঁছন। উত্তরবঙ্গে বিপর্যয়ের খবর পেয়ে সেখান থেকেই তিনি এই সফরের কথা জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০

উত্তরবঙ্গ ও সিকিমে বেড়াতে গিয়ে যারা প্রাকৃতিক দুর্যোগের কবলে পড়েছেন সেই সব পর্যটকের সুবিধার্থে উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থা বিশেষ বাস পরিষেবা চালু করার সিদ্ধান্ত নিয়েছে। শিলিগুড়ির তেনজিং নোরগে বাসস্ট্যান্ড থেকে কলকাতা রুটে এই অতিরিক্ত বাস চালানো হবে বলে সংস্থার চেয়ারম্যান পার্থপ্রতিম রায় জানিয়েছেন।

উল্লেখ্য, এরাজ্যের সঙ্গে সিকিমের সংযোগকারী ১০ নম্বর জাতীয় সড়কের বিভিন্ন জায়গা ভেঙে যোগাযোগ ব্যবস্থা সম্পূর্ণ ব্যাহত।

০০০০০০০০০০০০০০০০

দক্ষিণ ঝাড়খন্ড ও পার্শ্ববর্তী এলাকার ওপর কেন্দ্রীভূত নিম্নচাপ, গাঙ্গেয় পশ্চিমবঙ্গের দিকে সরে আসায় রাজ্যের সব জেলাতেই বৃষ্টি হচ্ছে। আলিপুর আবহাওয়া দপ্তরের অধিকর্তা গণেশ দাস আকাশবাণীকে জানিয়েছেন, আজও এই নিম্নচাপ পশ্চিমবঙ্গের ওপর থাকার সম্ভাবনা।

(বাইট)

০০০০০০০০০০০০০০০০

নিয়োগ দুর্নীতি মামলার তদন্তে আপাতত সশরীরে হাজিরা দিতে হবে না লিপস অ্যান্ড বাউন্ডস সংস্থার সিইও তথা তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়কে। কলকাতা হাইকোর্টের বিচারপতি সৌমেন সেন এবং বিচারপতি উদয় কুমারের ডিভিশন বেঞ্চ গতকাল প্রস্তাব দিয়েছে, অভিষেকের কাছে যেসব নথি চাওয়া হয়েছে তা ১২ই অক্টোবর ইডিকে দিতে হবে। ওই নথি খতিয়ে দেখে সন্তুষ্ট না হলে পুজোর পর অভিষেককে তলব করতে পারবে ইডি।

উল্লেখ্য, দিল্লীতে দলীয় কর্মসূচীর দরুণ তিন তারিখ হাজিরা দিতে না পারায়, আগামী সোমবার ৯ তারিখ অভিষেককে তলব করে ইডি।

এদিকে, নিয়োগ দুর্নীতি মামলায় এনফোর্সমেন্ট ডিরেক্টরেটের তদন্ত নিয়ে ডিভিশন বেঞ্চ গতকাল প্রশ্ন তোলে। অভিষেক বন্দ্যোপাধ্যায়ের দায়ের করা মামলার শুনানিতে ডিভিশন বেঞ্চের পর্যবেক্ষণ, ১৯ মাস ধরে চলা এই তদন্তে কোনও আর্থিক লেনদেন হয়ে থাকলে তা পরিষ্কার হওয়া উচিত।

অন্যদিকে, ED, CBI-এর হাতে থাকা সব দুর্নীতির নিরপেক্ষ ও স্বচ্ছ নিষ্পত্তির দাবিতে আজ CGO কমপ্লেক্স অভিযানের ডাক দিয়েছে সিপিআইএম বেলা দেড়টায় হাডকো মোড়ে সমাবেশের আয়োজন করা হয়েছে।

ooooooooooooooo

রাজ্য সরকার এখন থেকে সরকারি সাহায্যপ্রাপ্ত সব বিশ্ববিদ্যালয়ে কর্মরত অধ্যাপক, অধ্যক্ষ, শিক্ষক এবং অশিক্ষক কর্মীদের বেতন সরাসরি সরকারি কোষাগার থেকে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। উচ্চ শিক্ষা দপ্তরের আধিকারিকরা গতকাল বিধাননগরের পূর্ত ভবনে কলকাতা, প্রেসিডেন্সি, বাঁকুড়া, রায়গঞ্জ , ঝাড়গ্রাম এর রামচাঁদ মুরমু বিশ্ববিদ্যালয়ের মত রাজ্যের বারোটি বিশ্ববিদ্যালয়ের অর্থ সংক্রান্ত আধিকারিকদের সঙ্গে বৈঠক করে এই সিদ্ধান্ত নেন। এর আগে প্রথম দফায় গত বিশে

সেপ্টেম্বর অর্থ দপ্তরের আধিকারিকরা নবান্নে ১১টি বিশ্ববিদ্যালয়ের অর্থ সংক্রান্ত আধিকারিকদের সঙ্গে এই বিষয়ে বৈঠক করেছিলেন।

উল্লেখ্য বর্তমানে রাজ্য সরকার বিশ্ববিদ্যালয়গুলিকে পৃথকভাবে যে অনুদান দেয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সেখান থেকেই শিক্ষক, অশিক্ষক কর্মীদের বেতন দিয়ে থাকে।

ooooooooooooooo

তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় দিল্লিতে কৃষি ভবনের ঘটনার প্রকৃত সত্য উদঘাটনে সেখানকার সিসিটিভি ফুটেজ প্রকাশের দাবি জানিয়েছেন। কলকাতা বিমান বন্দরে গত সন্ধ্যায় সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি বলেন, কেন্দ্রীয় গ্রামোন্নয়ন মন্ত্রী গিরিরাজ সিং যে দাবি করছেন, সিসিটিভি ফুটেজ প্রকাশ করলে তা এক মিনিটে নস্যাৎ হয়ে যাবে। প্রতিনিধি দলে যাঁদের নাম ছিল তাঁরাই কৃষি ভবনে গেছিলেন। ১ ঘণ্টার বেশি সময় অপেক্ষা করার পর জানা যায় মন্ত্রী চলে গেছেন। এরপরই করিডোরে বসে প্রতিবাদ জানানো হয়।প্রায় ৮-১০ হাজার পুলিশ বাহিনী নামিয়ে তাঁদের হেনস্তা করা হয় বলে তাঁর অভিযোগ। অভিষেক বলেন, একশো দিনের কাজ করে টাকা না পেয়ে বঞ্চিত লক্ষ লক্ষ মানুষের কথা তাঁরা মন্ত্রীর কাছে পৌঁছে দিতে চেয়েছিলেন।

অন্যদিকে, সাধ্বী নিরঞ্জন জ্যোতি জানিয়েছেন, সমস্ত তথ্য পরিসংখ্যান নিয়ে তিনি তৃণমূল কংগ্রেস প্রতিনিধিদের জন্য অপেক্ষা করছিলেন। কিন্তু তাদের জন্যই শেষ পর্যন্ত আলোচনা হতে পারে নি।

এদিকে, কেন্দ্রীয় বঞ্চনার প্রতিবাদে অভিষেক বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে রাজভবন অভিযানের ডাক দেওয়া হয়েছে।

ooooooooooooooo

নিয়োগ দুর্নীতিতে ইডি, সিবিআই-এর তদন্ত থেকে নজর ঘোরাতেই তৃণমূল কংগ্রেস দিল্লিতে গিয়েছিল বলে বিজেপি দাবি করেছে। কলকাতায়  সাংবাদিকদের প্রশ্নের উত্তরে সাংসদ লকেট চট্টোপাধ্যায় বলেন,যারা দুর্নীতি করেছে তাদেরকে নিয়েই অভিষেক ব্যানার্জি দিল্লিতে আন্দোলন করতে গিয়েছিলেন। ১০০ দিনের কাজ ও প্রধানমন্ত্রী আবাস যোজনায় যারা প্রকৃত বঞ্চিত, তাদের কাউকে এই আন্দোলনে দেখা যায়নি। কেন্দ্রের পাঠানো টাকা শাসকদলের যেসব নেতা মন্ত্রীদের কাছে গেছে তারাই দিল্লিতে গিয়ে নাটক করেছেন বলে তাঁর দাবি।

০০০০০০০০০০০০০০০০

কেন্দ্রীয় প্রকল্পগুলি সম্পর্কে খোঁজ খবর নিতে বিজেপি মহিলা মোর্চার প্রতিনিধি দল  রাজ্যে এসেছে। কলকাতায় এক সাংবাদিক বৈঠকে মোর্চার রাজ্য সভানেত্রী ফাল্গুনী পাত্র জানিয়েছেন, ত্রিপুরা, ঝাড়খন্ড, মধ্যপ্রদেশ, মহারাষ্ট্র ও আন্দামান নিকোবর দ্বীপপুঞ্জ সহ বিভিন্ন রাজ্য থেকে মহিলা মোর্চার প্রতিনিধিরা। আজ ও আগামীকাল বিভিন্ন গ্রামে ও শহরের বস্তি এলাকায় গিয়ে মানুষের সঙ্গে কথা বলবেন। কেন্দ্রীয় সরকারের প্রকল্পগুলি রাজ্যে কতটা কার্যকর হয়েছে, মানুষ কতটা সুবিধা পেয়েছেন এবং কতটা বঞ্চিত হয়েছেন, সেই সব বিষয়ে তারা জানতে চাইবেন। অঙ্গনওয়াড়ি কেন্দ্রেও যাবেন তাঁরা।

০০০০০০০০০০০০০০০০০

দক্ষিণ দিনাজপুরের হিলিতে গত সন্ধ্যায় বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদারের কনভয়ে একদল দুষ্কৃতী আক্রমণ চালায়। জানা গেছে, দলের সংগঠনিক বৈঠক শেষে ফেরার সময় তার গাড়ি ঘিরে তৃণমূল কংগ্রেসের আশ্রিত দুষ্কৃতীরা বিক্ষোভ দেখাতে শুরু করে। সেখান থেকে বেরিয়ে যাওয়ার চেষ্টা করলে লাঠি দিয়ে গাড়ির

উপর আঘাত করা হয় বলে শ্রী মজুমদারের অভিযোগ। তাঁর দাবী, শাসকদলের আশ্রিত দুষ্কৃতীরা উদ্দেশ্যপ্রণোদিতভাবেই এই আক্রমণ করেছে।

oooooooooooooo

পশ্চিম বর্ধমানের আসানসোলে মেরি মাটি মেরা দেশ কর্মসূচীকে ঘিরে গতকাল পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে। বিধায়ক অগ্নি মিত্রা পাল, অজয় পোদ্দারের নেতৃত্বে আশ্রম মোড় থেকে পবিত্র মাটি নিয়ে মিছিল শুরুর পর রাহা নেল মোড়ে পুলিশ তাদের আটকে দিলে দলীয় নেতা-কর্মীদের সঙ্গে বচসা বাধে। শুরু হয় ধ্বস্তাধস্তি। এরপরই অগ্নিমিত্রা সহ বেশ কয়েকজনকে আটক করা হয়। অগ্নিমিত্রার অভিযোগ, দেশব্যাপী গৃহীত কর্মসূচীর জন্য আগাম অনুমতি চাওয়া হলেও তা মেলেনি। বিষয়টি তিনি স্বরাষ্ট্রমন্ত্রকে জানাবেন। পরে অবশ্য তাদের ছেড়ে দেওয়া হয়েছে।

oooooooooooooo

হাওড়া ব্রিজের কাঠামোগত নিরাপত্তা খতিয়ে দেখতে খুব শীঘ্রই  সেফটি অডিট শুরু হবে। সেতু চালু রেখেই তার অবস্থা খতিয়ে দেখা হবে বলে কলকাতার শ্যামা প্রসাদ মুখার্জি বন্দর সূত্রে জানা গেছে। দীর্ঘ দু'দশক পর হাওড়া ব্রিজের  স্বাস্থ্য পরীক্ষা বা হেলথ অডিট করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।  আইআইটি চেন্নাই এবং জাহাজ মন্ত্রকের অধীনস্থ এনটিসিপি ডব্লিউসি যুগ্মভাবে হাওড়া ব্রিজের স্টাডিস রিপোর্ট তৈরি করেছে। সেই রিপোর্টের ভিত্তিতেই হেলথ অডিট শুরু করা হবে।  পাশাপাশি হাওড়া থেকে কলকাতা গঙ্গার নীচ দিয়ে ভূগর্ভস্থ পথ তৈরির ব্যাপারেও পরিকল্পনা তৈরি করা হচ্ছে।

কলকাতা বন্দর সূত্রে খবর, শেষ বারের স্বাস্থ্য পরীক্ষায় এই ব্রিজের তেমন কোন খুঁত পাওয়া যায়নি। কিন্তু গত কয়েক বছরে ছোটখাটো যানবাহন থেকে শুরু করে ভারী যানবাহনের যাতায়াতের পরিমাণ বেড়ে গিয়েছে। সেই কারণে লোহার কাঠামো এবং হাওড়া ব্রিজ যে স্তম্ভের উপরে দাঁড়িয়ে আছে তা খতিয়ে দেখা জরুরি হয়ে পড়েছে।

oooooooooooooo

কলকাতা পুলিশের এসটিএফ, উত্তর বন্দর থানা এলাকায় ষ্ট্র্যান্ড রোড থেকে এক কুখ্যাত জালনোট পাচারকারীকে গ্রেফতার করেছে। তার কাছ থেকে উদ্ধার হয়েছে দেড় লক্ষ টাকার জাল নোট। সবই ৫০০ টাকার। গোপন সূত্রে খবর পেয়ে মঙ্গলবার সন্ধ্যায় এই অভিযান চালানো হয়। শেখ সফিক নামে ধৃত ব্যক্তি বর্তমানে মধ্য প্রদেশের বাসিন্দা। তার আদি বাড়ি হুগলীতে। গতকাল তাকে ব্যাঙ্কশাল কোর্টে তোলা হলে ১৪ দিনের পুলিশ হেফাজত হয়।

oooooooooooooo

বেঙ্গালুরুর কান্তিরাভা স্টেডিয়ামে গতকাল আইএসএল ফুটবলে বেঙ্গালুরু এফসি ২-১ গোলে ইস্টবেঙ্গলকে হারিয়ে দিয়েছে। বিজয়ী দলের পক্ষে সুনীল ছেত্রী ও জাভি হানান্ডেজ এবং ইস্টবেঙ্গলের নাওরেম মহেশ সিং গোল করেছেন। ইস্টবেঙ্গল তিন ম্যাচে ৪ পয়েন্ট সংগ্রহ করলো। এবারের আই এস এলে ইস্টবেঙ্গলের প্রথম পরাজয়। অন্যদিকে বেঙ্গালুরু এফ সি, র তৃতীয় ম্যাচে প্রথম জয়।

আজ জামশেদপুর এফ সি,হায়দ্রাবাদ এফ সির মুখোমুখি হবে। জামশেদপুরের জে আর ডি টাটা কমপ্লেক্সে খেলা শুরু হবে রাত আটটায়।

oooooooooooooo

যাত্রী চাহিদার কথা বিবেচনা করে পূর্ব রেল আসন্ন শারোদৎসব ও দীপাবলিতে শিয়ালদা - নিউজলপাইগুড়ির মধ্যে বিশেষ ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে। পূর্ব রেলের মুখ্য জনসংযোগ আধিকারিক কৌশিক মিত্র জানিয়েছেন, আগামী ২১ ও ২৮শে অক্টোবর এবং ৪, ১১, ১৮ ও ২৫শে নভেম্বর এই বিশেষ ট্রেনটি শিয়ালদা থেকে ছাড়বে। পরের দিনগুলিতে ফিরতিপথে ট্রেনটি NJP থেকে রওনা হবে।

oooooooooooooo

দক্ষিণ-পূর্ব রেলের খড়্গপুর ডিভিশনের বালাসোর এবং হলদিপাড়ার মধ্যে ধ্বস নামায় বেশ কয়েকটি ট্রেন বাতিল করা হয়েছে। আজ বাতিল করা হয়েছে জাজপুর – কেওনঝর রোড, খড়্গপুর এক্সপ্রেস এবং ভদ্রক – হাওড়া এক্সপ্রেস । সংক্ষিপ্ত করা হয়েছে বেশকিছু ট্রেনের যাত্রাপথ।

oooooooooooooooooooooooooooooo